

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
রিপোর্ট অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৩২১.১৬.০০২.১৯-১৭

১০ জুন ২০১৯
তারিখ:-----
২৭ জ্যৈষ্ঠ ১৪২৬


বিষয়ঃ মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

Rules of Business, 1996-এর Rule 25(3)-এ মন্ত্রণালয় ও বিভাগসমূহ কর্তৃক প্রতি অর্থবছরে সম্পাদিত কার্যাবলির বার্ষিক প্রতিবেদন সংকলন করে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের নির্দেশনা রয়েছে। এ নির্দেশনা অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অনুমোদিত হুকে তথ্য সংগ্রহ করে মন্ত্রণালয় ও বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রতি বছর মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করে থাকে।

২। মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের (০১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত) কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের জন্য নির্ধারিত 'বার্ষিক প্রতিবেদন হুক' এইসঙ্গে প্রেরণ করা হলো। পূর্ণাঙ্গ তথ্য-উপাত্তসহ নির্ধারিত হুক পূরণপূর্বক তা সফটকপিসহ আগামী ২৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে (আবশ্যিকভাবে) মন্ত্রিপরিষদ বিভাগের রিপোর্ট অধিশাখায় (কক্ষ নং-১, ভবন নং-১, বাংলাদেশ সচিবালয়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রতিবেদনের softcopy ই-মেইল report_sec@cabinet.gov.bd ঠিকানায় প্রেরণ করতে হবে। প্রতিবেদন অবশ্যই NIKOSH ফন্ট-এ মুদ্রিত হতে হবে। উল্লেখ্য, বার্ষিক প্রতিবেদন হকের সফটকপি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd)-এর home page 'ফরম' সেবাবক্সে 'মন্ত্রণালয়ভিত্তিক প্রতিবেদন'-শীর্ষক মেন্যুর অধীন 'বার্ষিক প্রতিবেদন হুক ২০১৮-১৯'-এই শিরোনামে পাওয়া যাবে।

৩। মন্ত্রণালয়/বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলির ছবি ক্যাপশনসহ (সর্বোচ্চ দুইটি ১২০০ dpi রেজুলেশনসহ) প্রেরণ করতে হবে। উল্লেখ্য অতীব গুরুত্বপূর্ণ কার্যাবলি সংক্ষিপ্ত এবং প্রাঞ্জল ভাষায় প্রমিত বাংলা বানানরীতিতে প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বার্ষিক প্রতিবেদন হুক ২০১৮-১৯।


(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ।